দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..22 DEC 2016.. ...
পৃষ্ঠা ...১৫... কলাম....৬......

# চট্টগ্রামে ৯ সরকারী স্কুলে ভর্তিযুদ্ধ শুরু

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** নগরীর ৯টি সরকারী স্কুলে বুধবার শুরু হয় ভর্তিযুদ্ধ। শিশুদের একটি মানসম্পন্ন স্কুলে ভর্তি করাতে অভিভাবকের আগ্রহের কারণে চাপ পড়েছে হাতেগোনা নামী স্কুলের ওপর। সকাল থেকেই স্কুলের মাঠ ও সংলগ্ন এলাকা যেন পরিণত হয় অনেকটা সমাবেশস্থলে। শৃঙ্খলা রক্ষায় তৎপরতা দেখা যায় পুলিশ প্রশাসনের। স্বচ্ছ প্রক্রিয়ায় ভর্তি সম্পন্ন করতে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে জেলা প্রশাসন। নগরীর কলেজিয়েট স্কুল, ডাঃ খাস্তগীর উচ্চ বিদ্যালয়, সরকারী মুসলিম উচ্চ বিদ্যালয়, বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয় (বালক শাখা) ও সিটি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫ম থেকে ৮ম শ্রেণীতে প্রথম দফার ভর্তি পরীক্ষা সম্পন্ন হয় বুধবার। আজ বৃহস্পতিবার দ্বিতীয় দফায় ও ২৬ ডিসেম্বর তৃতীয় দফায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। নগরীর ৯টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক মোঃ. সামসুল আরেফিন। প্রত্যেকটি কেন্দ্রে দায়িত্ব পালন করছেন ম্যাজিস্ট্রেট এবং পুরো প্রক্রিয়া মনিটর করছেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)। মোট ৮টি কেন্দ্রে অনুষ্ঠিত হচ্ছে ভর্তি পরীক্ষা। জানা যায়, ক ক্লাস্টারের কলেজিয়েট স্কুল, ডাঃ খাস্তগীর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয় (বালক) ও সিটি সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ে আবেদন জমা পড়েছিল ১৪ হাজার ৪৪৩টি। এর মধ্যে বুধবার পরীক্ষায় অংশ নিয়েছে ১১ হাজার ৮৮২ জন। ২৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে খ ক্লাস্টারের পরীক্ষা। এ পর্বে আবেদনপত্র পড়েছে ২০ হাজার ৭৭৬টি। আর গ ক্লাস্টারে আবেদন পড়েছে ১১ হাজার ৩০৫টি। এ পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৬ ডিসেম্বর।